তারিখ ... 26 MAY 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ......

সমকাল

# মাধ্যমিকে শতভাগ শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে

—অর্থমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

মাধ্যমিক স্তরে শতভাগ শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার তাগিদ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল বুধবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৬ উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

গতকাল শুরু হওয়া শিক্ষা সপ্তাহ চলবে ২৮ মে পর্যন্ত। এ উপলক্ষে ঢাকাসহ দেশব্যাপী নানা অনুষ্ঠান ও শিক্ষার্থীদের জন্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের শুরুতেই আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ■ পৃষ্ঠা ৪ : কলাম ৭



জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৬ উপলক্ষে বুধবার রাজধানীতে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে শোভাযাত্রা বের করা হয়। এতে নেতৃত্ব দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ■ সমকাল

## মাধ্যমিকে শতভাগ

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, বর্তমানে সরকার শিশুদের প্রায় শতভাগ স্কুলমুখী করেছে। প্রতিবন্ধী বা অনগ্রসর এলাকার এক বা দেড় শতাংশ শিশু হয়তো এখনও স্কুলের বাইরে রয়েছে। এসব শিশুকে স্কুলে আনতে বিশেষ ব্যবস্থা নেওয়া দরকার।

স্নাতক শ্রেণী পর্যন্ত বিনা ব্যয়ে পাঠদানের বিষয়ে প্রধানমন্ত্রীর ইচ্ছার কথা তুলে ধরে অর্থমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর এ ইচ্ছার সঙ্গে আমার দ্বিমত ছিল। কারণ, আমাদের রাজস্ব এখনও অনেক কম। রাজস্ব বাড়লে আগামী তিন-চার বছরের মধ্যে স্নাতক শ্রেণী পর্যন্ত বিনা ব্যয়ে পড়াশোনা করার ব্যবস্থা করা যাবে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, সরকারের লক্ষ্য ২০২১ সালে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়া। আমাদের অর্থনীতির সব সূচকের গতি ইতিবাচক। আমাদের কারিগরি শিক্ষায় বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে।